এটি সভ্যতার সংঘাত নয়
ক্রুসেড যুদ্ধ!

বাত্তার খুরাসানী

মুহিব্বুল্লাহ নুমান অনূদিত

এটি সভ্যতার সংঘাত নয়,

ক্রুসেড যুদ্ধ!

মূল- বাত্তার খুরাসানী

অনুবাদ- মুহিব্বুল্লাহ নুমান

সূচিপত্র

সূচনা.....৪

পশ্চিমা নেতৃত্ব এই যুদ্ধকে ক্রুসেড হিসেবেই লড়ে যাচ্ছে! ৬

ক্রুসেডসমূহের ঐতিহাসিক ধারাবাহিকতা.....১১

ফ্রান্স থেকে হিত্তিন.....১২

অষ্টাদশ ও উনবিংশ শতাব্দীর ক্রুসেড.....১৫

একবিংশ শতাব্দীর ক্রুসেড: একটি সর্বব্যাপী যুদ্ধ.....১৭

সমকালীন ক্রুসেডীয় ধ্যান ধারণাকে বুঝা জরুরি! ২১

যখন আগ্রাসীদের টার্গেট হলো ইসলাম, তখন এটাকে ক্রুসেড বা ধর্মযুদ্ধ কেন বলা হবে না?.....২৩

পারিভাষিক যুদ্ধ.....২৮

চার্চ এই যুদ্ধে না অতীতে কখনো নিরপেক্ষ ছিল, না বর্তমানে নিরপেক্ষ আছে! ৩৩

জায়নবাদী খ্রিস্টবাদ.....৩৫

আমাদের করণীয়.....৩৯

সূচনা

আমেরিকান ম্যাগাজিন ফরেন অ্যাফেয়ার্স ১৯৯৩ সনে **'সভ্যতার সংঘাত'** নামে স্যামুয়েল হান্টিংটনের একটি প্রবন্ধ প্রকাশ করে, যা পরবর্তীতে স্বতন্ত্র বই আকারে প্রকাশিত হয়। উক্ত প্রবন্ধটিতে ভবিষ্যতে কুফফারদের পক্ষ থেকে মুসলিমদের উপর ঘটিতব্য ভবিষ্যৎ আগ্রাসনগুলোর ব্যাপারে সুস্পষ্ট ইঙ্গিত দেয়া হয়েছিল। বিশেষভাবে সেই প্রবন্ধের এক জায়গায় সুস্পষ্টভাবে এ কথা লেখা ছিল যে, **"পশ্চিমা সভ্যতার সবচেয়ে বড় প্রতিদ্বন্দ্বী হলো ইসলাম।"** উক্ত লেখায় প্রবন্ধকার এই দাবিও করেছিল যে, ভবিষ্যতে যুদ্ধসমূহ সংগঠিত হবে সভ্যতা কেন্দ্রিক বুনিয়াদের উপর। এ প্রবন্ধের বিষয়বস্তুর গুরুত্ব এজন্যও আরো বেশি বৃদ্ধি পায় যে, স্যামুয়েল হান্টিংটন কোনো সাধারণ ব্যক্তি নন, বরং তিনি হার্ভার্ড ইউনিভার্সিটির একজন প্রফেসর এবং মার্কিন নীতিনির্ধারকদের নিকট রয়েছে তার বিশেষ মর্যাদা।

এদিকে ঠিক যেই মুহূর্তে পশ্চিমের বড় বড় সুতীক্ষ্ম মেধাগুলো তাদের সভ্যতা ও ইসলামের মধ্যকার আসন্ন একতরফা যুদ্ধের ছক তৈরি করতে ব্যস্ত, দুর্ভাগ্যবশত: আমাদের বুদ্ধিজীবি ও চিন্তাবিদরা তখন তাদের পরিকল্পনাগুলোর খবর পেয়েও তাকে নিছক কল্পনা বলে ধরে নিল। বরং সে সময় তাদেরকে কথিত আন্তঃধর্মীয় সংলাপের আহ্বান জানাতে দেখা গেল। এসব ব্যক্তিবর্গের নিকট 'সভ্যতার সংঘাত' কথাটাই অনর্থক মনে হয়। কারণ, তাদের মতে সভ্যতাসমূহের মাঝে আবার সংঘাত কিসের? বরং সংঘাত ও সংঘর্ষ তো হলো অসভ্যতার অংশ। অসভ্যরা অসভ্যদের বিরুদ্ধে যুদ্ধ করে।

মজার বিষয় হলো, কিছু দ্বীনি আন্দোলনের পক্ষ থেকে এই আওয়াজ উঠতে দেখা যাচ্ছে যে, সভ্যতাসমূহের মাঝে পারস্পরিক সংলাপ ও অসাম্প্রদায়িক সহাবস্থান নিশ্চিত করা জরুরী। এ লক্ষ্যে তথাকথিত কিছু বুদ্ধিজীবি এই মতবাদ ও চিন্তার প্রসার করতে করতে সজ্ঞানে ও অজ্ঞানে দ্বীনের অনেক মৌলিক আকিদারও পরিবর্তন করে ফেলেছে। সাম্প্রতিক সময়ে আমরা 'আন্তঃধর্মীয় সংলাপ' 'উদার দৃষ্টিভঙ্গি' 'অসাম্প্রদায়িক নিরাপদ সহাবস্থান' 'আমাদের মাসীহি ভাই' 'তিন ধর্মের ভিত্তিতে মিল্লাতে ইবরাহীম' ইত্যাদি নানা ধরনের পরিভাষার ব্যাপক শোরগোল শুনতে পাচ্ছি।

একদিকে যখন আমাদের বুদ্ধিজীবিশ্রেণী এ জাতীয় উদ্ভট ও দ্বীনবিরোধী চিন্তা-চেতনা প্রচার-প্রসারে মশগুল, অন্যদিকে তখন আমাদের শত্রুরা সভ্যতার সংঘাত শব্দটিকে তার পূর্ণাঙ্গ অর্থে বাস্তবায়িত করার জন্য প্রস্তুতি নিচ্ছে। একানব্বইয়ের উপসাগরীয় যুদ্ধ এবং তৎপরবর্তী ইরাকের উপর অর্থনৈতিক অবরোধের মাধ্যমে দশ লক্ষ নিষ্পাপ শিশু ও আরো কয়েক লাখ বনি আদমের হত্যাকাণ্ড আমাদের চোখ খুলে দেবার জন্য যথেষ্ট ছিল। এটা সুস্পষ্ট যে, কুয়েতের তথাকথিত স্বাধীনতা একটি অজুহাত ছিল মাত্র, আসল উদ্দেশ্য তো এই ছিল যে, ইসলামী ভূমির অন্তর সমতূল্য জায়গায় একটি শক্তিশালী কুফরি ঘাঁটি প্রতিষ্ঠা করা।

সত্য কথা হলো: দূরদর্শী ব্যক্তিবর্গ নিউ ওয়ার্ল্ড অর্ডার সামনে আসার পরই বলে দিয়েছিলেন যে, এটি একটি নতুন ও সর্বব্যাপী ক্রুসেডের সূচনা।

পশ্চিমা নেতৃত্ব এই যুদ্ধকে ক্রুসডে হিসেবেই লড়ে যাচ্ছে!

১১ সেপ্টেম্বর ২০০১ এর পরবর্তী পরিস্থিতি এবং আফগানিস্তান ও ইরাকের উপর মার্কিন আধিপত্যবাদী আগ্রাসন ছিল এই ক্রুসেড যুদ্ধের ধারাবাহিকতা। যারা এ সকল ক্রুসেডীয় আগ্রাসনকে মুজাহিদীনদের কর্মকাণ্ডের প্রতিক্রিয়া হিসেবে দেখাতে চান, তাদের নির্বুদ্ধিতা ও অবিবেচনাবোধ দূর করার জন্য একজন বিশ্লেষকের এতটুকু মন্তব্যই যথেষ্ট হবে আশা করি।

“আত্মোপ্রবঞ্চনায় লিপ্ত ও অসুস্থ মস্তিষ্কের অধিকারী বোকার হদ্দরা একথা ভেবে বসে আছে যে, ১১ সেপ্টেম্বরে আমরা আমেরিকার বাণিজ্যিক ও প্রতিরক্ষা বিষয়ক স্থাপনায় আঘাত হেনেছি বলেই আমাদের প্রতি আমেরিকার এই আক্রোশ, অসন্তোষ ও আগ্রাসন। নতুবা পশ্চিমাদের কি এমন প্রয়োজন ছিল আমাদের উপর আগ্রাসন পরিচালনা করার? এসব লোকদের জ্ঞানের দীনতা ও মেধার স্বল্পতা শুধু পরিতাপের বিষয়ই নয় বরং লজ্জাজনক!

তাদের নিকট প্রশ্ন যে, আমাদের মোঘল সম্রাট বাহাদুর শাহ জাফর কি লন্ডনের উপর কোনো আক্রমণ করেছিলেন? যার ফলে ব্রিটেন আমাদের পুরো উপমহাদেশের উপর আগ্রাসন পরিচালনা করে আমাদের স্বাধীনতাকে ছিনিয়ে নিয়েছিল?

আলজেরিয়ার মুসলমানরা কি প্যারিসকে লন্ডভন্ড করে দিয়েছিল, যার শাস্তিস্বরূপ ফ্রান্স আলজেরিয়া দখল করে নিয়েছিল? কিংবা অন্যান্য মুসলমানরা কি জার্মানি, হল্যান্ড, পর্তুগাল,

ইত্যাদি উপনিবেশবাদী দেশগুলোর বিরুদ্ধে কোন যুদ্ধ ঘোষণা করেছিল, যার ফলশ্রুতিতে তারা পুরো মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকায় নিজেদের আধিপত্য বিস্তার করেছিল?

এ প্রশ্নগুলোর উত্তর হলো, 'না'।

আসলে পশ্চিমাদের দৃষ্টিভঙ্গি ও স্বভাব এতটাই নীচু ও অনৈতিক যে, তারা নিজেদের কোন স্বেচ্ছাচারী কাজের ক্ষেত্রে কোন ধরনের নৈতিকতা, বৈধতা ও দায়বদ্ধতার মুখাপেক্ষী নয়।"

মুসলিমদের বিরুদ্ধে শতাব্দীব্যাপী ক্রুসেডীয় ঘৃণা ও জিঘাংসার চাষাবাদ, আফগান ও ইরাকের সাধারণ জনবসতির উপর 'টমাহক' ও 'ডেইজি কাটার' বোম এর মতো অত্যাধুনিক মারণাস্ত্রের ব্যবহার— এ সবের মধ্যে কোন অনৈতিকতা দেখতে পায় না আমেরিকা। কোন ধরনের অপরাধবোধ জাগ্রত হয় না ওদের ভেতর।

আফগান ও ইরাকের ভূমিতে কাঠের পুতুলের মত কিছু মুরতাদ শাসককে বসিয়ে রাখার কী উদ্দেশ্য তাদের? এ প্রশ্নের উত্তর যদি আমেরিকার সাবেক প্রেসিডেন্ট 'বুশ' এর মুখে শুনতে চান, তাহলে শুনুন— **"এটি একটি ক্রুসেড।"**

আমেরিকার এই শয়তান ১৬ সেপ্টেম্বর ২০০১ সালের এক সংবাদ সম্মেলনে এ কথা ঘোষণা করে যে,

This crushed, This war on terror is going to take a while

"এই ক্রুসেড বা সন্ত্রাসবাদের বিরুদ্ধে যুদ্ধ দীর্ঘস্থায়ী হবে।"

অনুরূপভাবে আমেরিকান ম্যাগাজিন ন্যাশনাল রিও ইয়োর এক রিপোর্টে বলা হয়, "এই হামলার পরিকল্পনাকারীরাই যে শুধু অপরাধী তা নয়, বরং নিউইয়র্ক ও ওয়াশিংটনে হামলার সংবাদ শুনে যে চেহারাগুলো হাস্যোজ্জ্বল হয়েছিল তারা সকলেই অপরাধী। আমরা তাদের দেশে হামলা করে তাদের নেতৃত্বকে ধ্বংস করব। আমেরিকার ফেরাউন পাপিষ্ঠ বুশ 'ক্রুসেড' শব্দটি আফগান আক্রমণের কিছু পূর্বেই তার নাপাক মুখে উচ্চারণ করেছিল। উচিত তো ছিল, বুশের অপবিত্র মুখ থেকে এই ঘোষণার সঙ্গে সঙ্গেই গাফলতির ঘুম ভেঙে সজাগ হয়ে যাওয়া।

কিন্তু কবির ভাষায়—

"آے بسا آرزو کہ خاک شدہ "

"হায়! লালিত সব স্বপ্ন-ই যে মাটি হয়ে গেল"

অধিকাংশ মুসলিমরা এই সংকটাপন্ন মুহূর্তেও গাফলতের চাদরখানি ছুঁড়ে ফেলতে পারল না। এদিকে মুনাফিকের দল তখন আমেরিকার এই আগ্রাসনকে একটি কাকতালীয় ঘটনা বলে এড়িয়ে গেল। অথচ মনোবিজ্ঞানীদের মতে, মানুষ সাধারণ অবস্থায় থাকাকালীন সময়েও তার থেকে এমন কোনো কথা বা কাজ প্রকাশ পায় না, যা আকস্মিক ও কাকতালীয়। বরং তার পেছনে কোন না কোন মনস্তাত্ত্বিক কারণ থাকে। প্রেসিডেন্ট বুশের উক্ত বক্তব্য ও পরবর্তী

কার্যকলাপের পেছনের মনস্তাত্ত্বিক বিষয়গুলোও ধীরে ধীরে প্রকাশ পেতে শুরু করেছে। যেমন আল্লাহর বাণী—

قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ. (آل‌عمران: ١١٨)

"শত্রুতাপ্রসুত বিদ্বেষ তাদের মুখ ফুটেই বেরোয়। আর যা কিছু তাদের মনে লুকিয়ে রয়েছে, তা আরো অনেকগুণ বেশী জঘন্য।"(সূরা আলে ইমরান : ১১৮)

জর্জ বুশের সাবেক অ্যাটর্নি জেনারেল এস ক্রাফট ইসলাম ও খ্রিস্টবাদে স্রষ্টার ধারণা সংক্রান্ত বিষয়ে তুলনা করতে গিয়ে খ্রিস্টবাদের স্রষ্টার ধারণাকে ইসলামের স্রষ্টার ধারণার চেয়ে শ্রেষ্ঠ প্রমাণ করতে চেষ্টা করেন। তার পূর্বে ইতালির প্রধানমন্ত্রী বলেছিল, "পশ্চিমা সভ্যতা ইসলামী সভ্যতার চেয়ে শ্রেষ্ঠতর।" আর এই পশ্চিমা সভ্যতা যেভাবে কমিউনিজমকে পরাস্থ করেছে, সেভাবেই ইসলামকেও পরাজিত করবে।

অন্য আরেক সময় প্রেসিডেন্ট বুশ ক্যানাডিয়ান একটি সেনা সমাবেশে নিম্নোক্ত বাক্যটি পুনরাবৃত্তি সহকারে বলে এ কথা প্রমাণ করে দেবার চেষ্টা করে যে, তারা যা বলে তা অক্ষরে অক্ষরে বিশ্বাস করে। সে বলেছিল—**"আসুন, আমাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে এই ক্রুসেডে শামিল হোন।"** কথাটি সে একাধিকবার বলে।

এ কথার উপর ভিত্তি করে রবার্ট ফস্ক তার এক প্রবন্ধের মধ্যে লিখেন, "মনে হচ্ছে এই মুহূর্তে প্রেসিডেন্ট বুশ নিজেকে ক্রুসেডের এক মহান সেনাপতি হিসেবে কল্পনা করছেন।

একবার বলার পরও দ্বিতীয়বার ক্রুসেড শব্দটি পুনরাবৃত্তি করার দ্বারা এটাই বোঝা যায়।" পশ্চিমা নেতৃবৃন্দের এ সব বক্তব্য থেকেই তাদের আবেগ অনুভূতি ও চিন্তা-চেতনার মাত্রা ফুটে ওঠে।

বাস্তবিক পক্ষে ইসলামী বিশ্বের উপর আগ্রাসন বিস্তার করা এই নব্য ক্রুসেডের শিকড় অনেক গভীরে প্রোথিত। গত অর্ধশতাব্দী যাবত কাফেরদের হাতের পুতুল মুরতাদ শাসকগোষ্ঠীর মাধ্যমে নিজেদের উদ্দেশ্য পূরণের পর এখন নতুন করে ওরা সাম্রাজ্যবাদ বিস্তারের পায়তারা শুরু করেছে। ক্রুসেডাররা আমাদের জল-স্থল ও আকাশসীমা স্বাধীনভাবে ব্যবহার করছে। এমনকি ইসলামী বিশ্বের অন্তর সমতুল্য আরব উপদ্বীপে ওরা নিজেদের আস্তানা গেড়ে বসেছে। যেন অনতিবিলম্বে বৃহত্তর ইসরাইল রাষ্ট্র প্রতিষ্ঠা করতে পারে। এছাড়া এই সর্বব্যাপী আগ্রাসন শুধু যে সামরিক তাও নয়, বরং একই সাথে বুদ্ধিবৃত্তিক ও সাংস্কৃতিকও বটে।

বাগরাম-গুয়ান্তানামোতে নিয়মিত কুরআনের অসম্মান, আবু গারিব কারাগারে মুসলিম বন্দীদের হেনস্থা ও শ্লীলতাহানি, বিভিন্ন পশ্চিমা মিডিয়ায় রিসালাতে নববীকে তুচ্ছ-তাচ্ছিল্য করে স্কেচ আঁকা ও রম্যরচনা প্রকাশ, ভ্যাটিকানের পোপ ও খ্রিস্টানদের পক্ষ থেকে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পবিত্র চরিত্র নিয়ে অশালীন ও অশ্রাব্য মন্তব্য—, এ সমস্ত বিষয় দিবালোকের ন্যায় স্পষ্টভাবে এ কথা প্রমাণ করে দেয় যে, কথিত সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের নামে ওরা মূলত: ইসলামের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত। এই যুদ্ধের মাধ্যমে উম্মাহর সভ্যতা-সংস্কৃতি ও বিশ্বাসের পরিচয়কে বিকৃত করা, ইসলামী রেনেসাঁর আন্দোলনসমূহকে নিশ্চিহ্ন

করা এবং মুসলমানদের মূল্যবান প্রাকৃতিক সম্পদ ও উপকরণসমূহকে লুণ্ঠন করাই তাদের অন্যতম প্রধান উদ্দেশ্য।

ক্রুসেডসমূহের ঐতিহাসিক ধারাবাহিকতা

ইতিহাস অধ্যয়ন মানবীয় উপলব্ধি গঠন প্রক্রিয়ায় অনেক বড় ভূমিকা রাখে। এ অধ্যয়ন যদি নিরেট জ্ঞানতাত্ত্বিক ভিত্তির সাথে সাথে সমকালীন প্রেক্ষাপটকে সামনে রেখে হয়, তাহলে ঐতিহাসিক ঘটনাবলীর ভাঁজে ভাঁজে লুকিয়ে থাকা অনেক উপকারী শিক্ষা এবং সমকালীন ঘটনাবলীর পেছনের কারণ ও কার্যকারণগুলো খুব সহজেই বোঝা যায়।

পবিত্র কুরআন বারবার ঐতিহাসিক ঘটনাবলী উল্লেখ করে তার মাঝে চিন্তা ফিকির করতে বলেছে। কিন্তু আফসোসের বিষয় হল: সমকালীন মুসলিমদের মধ্যে অনেক কম মানুষই ঐতিহাসিক অন্তরদৃষ্টির মাধ্যমে সৌভাগ্যবান হয়েছেন।

যারা ইতিহাসের ছাত্র হবার দাবী করেন, তাদের অধিকাংশের অবস্থাও এই যে, তারা নিজ জাতির ইতিহাসের চেয়ে পশ্চিমাদের ইতিহাস বেশি অধ্যয়ন করেন। আবার এদের মধ্যে একটা উল্লেখযোগ্য শ্রেণি নিজেদের ইতিহাস জানতে পশ্চিমা ঐতিহাসিকদের দ্বারস্থ হয়, ফলে ইতিহাসের ঘটনাবলীকে তারা পশ্চিমাদের চোখ দিয়ে দেখতে থাকে।

ফ্রান্স থকে হত্তিনি...

হিজরী প্রথম শতাব্দীতে মুসলিম মুজাহিদদের হাতে শাম ও উত্তর আফ্রিকার বিজয় খ্রিস্টানদের অন্তরে ব্যাপক হিংসা ও জ্বালাপোড়ার সৃষ্টি করেছিল। এই ইসলাম বিদ্বেষের পেছনে সবচেয়ে বড় ভূমিকা ছিল গির্জাগুলোর। কারণ -

প্রথমত, গির্জাগুলোর লাভ-ক্ষতি খ্রিস্টান সামন্ত ও রাজা-বাদশাহদের লাভ ক্ষতির সঙ্গে সম্পৃক্ত ছিল।

দ্বিতীয়ত, সাধারণ খ্রিস্টানদের মনোজগতে গির্জার উদ্ভট কুসংস্কার ও বানোয়াট আচার-অনুষ্ঠানের গণ্ডি থেকে স্বাধীনতা অর্জনের যে মনোভাব সৃষ্টি হয়েছিল, ইসলামী বিজয়গুলো তার পেছনে বড় ধরনের ভূমিকা রেখেছিল। এটিই ছিল ইসলামের প্রতি গির্জার ব্যাপক ক্ষোভ, ঘৃণা ও হিংসার কারণ। ফলশ্রুতিতে একপর্যায়ে তারা ইসলামের বিরুদ্ধে এমন বিষাক্ত প্রোপাগান্ডার ব্যাপক প্রচার-প্রসার শুরু করলো, যার ফলে সাধারণ খ্রিস্টানদের অন্তরে ইসলামের প্রতি সীমাহীন ঘৃণা, বিদ্বেষ ও জিঘাংসা উপচে পড়তে লাগলো।

৪৭৯ হিজরী মোতাবেক ১০৯০ খ্রিস্টাব্দে পোপ দ্বিতীয় আরবান ফ্রান্সে পাদ্রীদের এক বিশাল সমাবেশে বক্তব্য দিতে গিয়ে বলেছিল—**"ইসলাম একটি শয়তানী ধর্ম। ইসলামের অনুসারীরা একটি শয়তানী ধর্মের অনুসারী। এজন্য আমাদের উচিত, এই শয়তানি ধর্ম আর এর**

অনুসারীদের এই পৃথিবী থেকে নিশ্চিহ্ন করে দেয়া।" এরপর সে পুরো ইউরোপকে এক পতাকা তলে একত্রিত হয়ে বাইতুল মাকদিস উদ্ধারের লক্ষ্যে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ শুরু করার আহ্বান জানাতে থাকে।

তার এই আহ্বানের ফলে মাত্র তিন বছরের মধ্যে পুরো ইউরোপ ঐক্যবদ্ধ হয়ে যায় এবং মুসলিম ভূখণ্ডে আক্রমণ করে বসে। শামের সালজুক সালতানাতের সৈন্যরা সর্বপ্রথম অগ্রগামী হয়ে এই বর্বর আক্রমণ রুখে দেয়। ফলে তাদের প্রথম প্রচেষ্টা সম্পূর্নরূপে ব্যর্থতায় পর্যবসিত হয়। কয়েক বছর পর ক্রুসেডাররা আগের তুলনায় আরো বেশি যুদ্ধোপকরণে সমৃদ্ধ, সুসংহত এবং সুসংবদ্ধভাবে আক্রমণ পরিচালনা করে। এবার কিছুটা সফলতা ওদের হাতে আসে। ৪৯১ হিজরীতে ওরা এন্টিওক প্রবেশ করে। সেখান থেকে সহজেই বাইতুল মাকদিস অভিমুখে যাত্রার পথ খুঁজে পায় এবং ওখানে পৌঁছেও যায়। বাইতুল মাকদিস পদানত হয়। এরপর ৪৯৪ হিজরীতে হাইফা, ৪৯৭ হিজরীতে আক্কা, ৫০৩ হিজরীতে তারাবলুস, ৫০৪ হিজরীতে সাইদা, একের পর এক ক্রুসেড বাহিনীর অধিকারে চলে যেতে লাগল।

ক্রুসেডারদের এই সফলতার পেছনে পর্দার অন্তরালে কাজ করেছিল মিশরের মুরতাদ ফাতেমী শাসকগোষ্ঠী। তারা সুন্নি সালজুক সালতানাতের বিরুদ্ধে ক্রুসেডার খ্রিস্টানদের এই শর্তে সাহায্য করছিল যে, ওদের হাতে সাম্রাজ্যের পতনের পর শামের কিছু অংশ ফাতেমী সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করে দেয়া হবে।

এরপর তৃতীয়বারের মতো ক্রুসেডার যোদ্ধারা মুসলিম ভূখণ্ডে আক্রমণ পরিচালনা করে, যেন মুসলিমদের ভূমিতে ঘাঁটি গেড়ে বসা ক্রুসেডারদের আধিপত্য আরো সুদৃঢ় ও ও শক্তিশালী হয়ে যায়। কিন্তু এইবার মুসলিমদের বিভিন্ন জিহাদী জামাত এবং জাংকি সাম্রাজ্যের মুজাহিদরা অগ্রসর হয়ে ক্রুসেডার হায়েনাদের যথোচিত মোকাবেলা শুরু করে। মুসলিম ও ক্রুসেডারদের এই মুখোমুখি যুদ্ধে কখনো এক দলের পাল্লা ভারী হতে থাকে তো কখনো অপর দলের পাল্লা ভারী হয়ে যায়। এভাবে ৫৮৩ হিজরীতে এসে সুলতান সালাহউদ্দিন আইয়ুবী হিত্তিনের ঐতিহাসিক রণাঙ্গনে চূড়ান্তভাবে ক্রুসেডারদের কোমর ভেঙে দেন। লক্ষণীয় বিষয় হলো, ইতিহাসের মোড় পরিবর্তনকারী এই যুদ্ধে বিজয় ও সফলতা লাভের অন্যতম কারণ ছিল, এই যুদ্ধের আগেই সুলতান সালাহউদ্দিন আইয়ুবী 'ঘরের শত্রু বিভিষণ' ফাতেমী সালতানাতের শিকড় উপড়ে ফেলতে সক্ষম হয়েছিলেন।

এদিকে ক্রুসেডের উন্মাদ নেতৃবৃন্দের যুদ্ধের এতই খায়েশ ও নেশা ধরে গিয়েছিল যে, হিত্তিনের উপত্যকায় প্রচন্ড মার খাবার পরও তারা ছোট, বড় আক্রমণ পরিচালনা অব্যাহত রাখল। সাথে সাথে মুসলিমদের নিয়মিত ও অনিয়মিত বিভিন্ন সেনা দলের পক্ষ থেকেও সে সবের শক্ত প্রতিরোধ ও জবাব তারা পেতে থাকলো। এই ধারাবাহিকতার শেষের দিকে কোন এক যুদ্ধে সুলতান রুকনুদ্দীন বাইবার্স এর হাতে ফরাসি সম্রাট নবম লুই কয়েক হাজার সৈন্য সমেত গ্রেফতার হলো। এরপর আর ক্রুসেডাররা এদিকে দৃষ্টি উঠাবার সাহস দেখায় নি।

অষ্টাদশ ও উনবিংশ শতাব্দীর ক্রুসডে

এই শোচনীয় পরাজয়ের পর ক্রুসেডাররা ইসলামের বিরুদ্ধে তাদের চলমান যুদ্ধের কর্মপদ্ধতি ও কলাকৌশলে কিছু মৌলিক পরিবর্তন আনে। প্রায় ছয় শতাব্দী পর নতুন পৃথিবী ও নতুন সামুদ্রিক বাণিজ্যের পথ অনুসন্ধানের অজুহাতে ইসলামী বিশ্বের চারপাশের সীমানাকে সংকীর্ণ করে দেয়া হয়। এর মধ্যে সবচেয়ে প্রসিদ্ধ ভাস্কো-দা-গামার ঐতিহাসিক ভারত সফর। সেই সফরের সফল পরিসমাপ্তির পর ঘোষণা করা হয়েছিল যে, **"আমরা ইসলামী দুনিয়ার গর্দানে রশি পরিয়ে দিতে সক্ষম হয়েছি, এখন শুধু এই রশি ধরে টানবার বাকি।"** পরবর্তীতে তাই হয়েছিল ।

ওই যুগ, যাকে সাম্রাজ্যবাদী ক্রুসেডাররা ঔপনিবেশিক যুগ বলে আখ্যায়িত করে থাকে, মূলত: সেটাও ছিল সেই চলমান ক্রুসেডের একটি ধারাবাহিকতা মাত্র। আঠারো শতকে ইউরোপের অসভ্য জাতিগুলো সভ্যতার ছদ্মবেশ ধারণ করে নিজেদের ভূখণ্ড থেকে বেরিয়ে পড়ে এবং দেখতে দেখতেই নিজেদের শক্তিমত্তার পাশবিক ব্যবহার করে এবং ঘৃণ্য ষড়যন্ত্রের মাধ্যমে প্রায় পুরো ইসলামী দুনিয়াকে ওরা নিজেদের কব্জায় নিয়ে যেতে সক্ষম হয়। বিংশ শতকের ইসলামী মানচিত্রের দিকে লক্ষ্য করলে দেখা যাবে, আলজেরিয়ার উপর ফরাসি ক্রুসেডারদের আধিপত্য ও জয়জয়কার। ভারতীয় উপমহাদেশ ও উপসাগরীয় অঞ্চলের নেতৃবৃন্দ ব্রিটিশদের ঔপনিবেশিক জালে আবদ্ধ। লিবিয়ার উপর ইতালির কব্জা। মালয়েশিয়ার উপর ওলন্দাজ

আধিপত্য। অন্যদিকে মধ্য এশিয়ার ট্রান্স অক্সিয়ানা অঞ্চলগুলো অর্থডক্স ক্রুসেডারদের হাতের মুঠোয়।

এই সম্রাজ্যবাদী যুগের আধিপত্যবাদী কর্মকাণ্ডের পেছনে শুধু শিল্প ও বাণিজ্যিক প্রেক্ষাপটই ক্রিয়াশীল ছিল না, বরং এর অন্তরালে ক্রুসেডারদের ধর্মীয় চিন্তা-চেতনা ও সভ্যতা-সংস্কৃতি বিস্তারের লক্ষ্য পুরোদস্তর সক্রিয় ছিল। এজন্যই দেখা যায় ইসলামী হিন্দুস্তানের উপর ক্রুসেডারদের আধিপত্য প্রতিষ্ঠিত হবার পর ব্রিটিশ পার্লামেন্টে আওয়াজ উঠেছিল যে, **"ঈশ্বর আমাদেরকে হিন্দুস্তানে যীশুখ্রিস্টের ধর্ম প্রচারের সুযোগ করে দিয়েছেন।"**

এছাড়া এই আগ্রাসনগুলোর পেছনে গির্জার নেতৃবৃন্দের নিরঙ্কুশ সমর্থন ও সীমাহীন সহযোগিতা কার্যকর ছিল। এদের মধ্যে অন্যতম ছিলো পাদ্রী নিকোলাই পঞ্চম, যে এই যুদ্ধগুলোকে ধর্মীয় দৃষ্টিভঙ্গি অনুযায়ী পরিচালিত করতে পরিপূর্ণভাবে নিমগ্ন ছিলো। শামের পবিত্র ভূমি কব্জা করার পর এক খ্রিস্টান জেনারেল অ্যালেনবি সুলতান সালাহউদ্দীন আইয়ুবীর কবরের উপর তরবারির আঘাত করে বলেছিল— **"দেখো সালাহউদ্দিন, আমরা আবার এসে গেছি।"**

ঔপনিবেশিক যুগে ক্রুশের পূজারীরা সামরিক আগ্রাসনের পাশাপাশি সাংস্কৃতিক ও বুদ্ধিবৃত্তিক ময়দানেও ব্যাপক মেহনত করে। 'প্রাচ্যবিদ' নামক এক নতুন দলের আবির্ভাব ঘটে, যারা ইসলামের বিরুদ্ধে তাদের সূক্ষ্ম আগ্রাসনকে জ্ঞানতাত্ত্বিক মোড়কে উপস্থাপন করে। ওরা

ইসলামী সভ্যতা-সংস্কৃতিকে 'সেকেলে' ও 'আধুনিক'— এই দুই ভাগে বিভক্ত করে ফেলে। এভাবেই এই প্রথমবারের মতো ক্রুসেডারদের জন্য ইসলামী দুনিয়ার এমন লক্ষাধিক গোলাম তৈরি হয়ে যায়, যারা দালিলিকভাবে গোলামী ও পরাজয় নিয়ে কেবল সন্তুষ্টই না, বরং আনন্দিতও বটে।

(উপমহাদেশে এই স্তরের গোলামদের মধ্যে সর্দার পর্যায়ের হলো: স্যার সৈয়দ আহমদ খান, যে ইংরেজদের বলপূর্বক ও জবরদস্তিমূলক শাসনকে আল্লাহর অনেক বড় রহমত হিসেবে ঘোষণা দিয়েছিল। সে মুজাহিদীনকে গালিগালাজ করে বেড়াতো এবং আমাদের আকাবিরদের অসম্মান ও লাঞ্ছিত করার কোন পন্থাই হাতছাড়া করত না।)

একবিংশ শতাব্দীর ক্রুসেড: ??টি সর্বব্যাপী যুদ্ধ

১৯৯১ এ কুয়েতের উপর থেকে ইরাকের দখলদারিত্ব ছাড়াবার অজুহাতে আমেরিকার ইরাক আগ্রাসন নিঃসন্দেহে সমকালীন ক্রুসেড যুদ্ধের টার্নিং পয়েন্ট ছিল। পার্থক্য শুধু এতটুকুই যে, এগারো-বারো শতকের ক্রুসেডারদের পুরো চিন্তা-চেতনা জুড়ে ছিল খৃষ্টবাদের উন্মাদনা, আর সমকালীন ক্রুসেডারদের অর্ধেক খ্রিস্টবাদী চিন্তা-চেতনা দ্বারা প্রভাবিত আর বাকি অর্ধেক সেক্যুলার। তাছাড়া বর্তমানের 'খ্রিস্টবাদ' পুঁজিবাদী সেক্যুলারিজমের চিন্তাধারার মাঝে একাকার হয়ে গেছে।

উপসাগরীয় যুদ্ধের সময়ে মার্কিন সামরিক জোট মধ্যপ্রাচ্যের ভূখন্ডে এসে ঘাঁটি গেড়ে বসার সুযোগ পায়। এতদঞ্চলে তাদের উপস্থিতি ক্রুসেডারদের জন্য বেশ কিছু সফলতার কারণ হয়ে দাঁড়ায়। যেমন-

প্রথমত, এটা তাদের হাতে অনেক বড় রাজনৈতিক ও অর্থনৈতিক ফায়দা এনে দেয়।

দ্বিতীয়ত, মধ্যপ্রাচ্যের ভূমিতে অবস্থানের ফলে যুদ্ধে ক্রুসেডীয় উন্মাদনা সক্রিয়ভাবে কাজে লাগানোর সুযোগ পায়, (কেননা, এই অঞ্চল মধ্যযুগীয় ক্রুসেডের স্মৃতি বিজড়িত।) যা সুস্পষ্টভাবে পরিলক্ষিত হয়; ইরাকের মৌলিক স্থাপনা ও কাঠামোগুলো ধ্বংসকরণ, সেখানে মুসলমানদের বংশ বিস্তারে বাধা প্রদান এবং উত্তর ইরাকে খ্রিস্টবাদ প্রচার প্রসারের মধ্য দিয়ে।

এদিকে নাইন ইলেভেনের বরকতময় হামলার পর আমেরিকা কথিত সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের নামে আফগানিস্তান আক্রমণের ঘোষণা দেয়। এরপর আফগানের বেসামরিক ও সাধারণ মুসলিমদের উপর সকল প্রকার রাসায়নিক ও বিস্ফোরক দ্রব্য নিয়ে হিংস্র আক্রমণ পরিচালনা করতে ওদের বুক সামান্যও কাঁপেনি। অতঃপর ধর্মহীন, দেশপ্রেমহীন কিছু মুরতাদকে ক্ষমতার মসনদে বসিয়ে দেয়।

এই যুদ্ধে ক্রুসেডার আমেরিকা একা নয়। বরং ইতিহাসে দ্বিতীয় বারের মতো 'আল কুফরু মিল্লাতুন ওয়াহিদাহ' এর বাস্তবতা প্রমাণিত করে সকল কুফুরি ও মুরতাদ শক্তিগুলো

আমেরিকার সঙ্গে জোটবদ্ধ হয়ে প্রথমে আফগান, এরপর ইরাকে আগ্রাসন পরিচালনা করে। অতঃপর এই আন্তর্জাতিক কুকুরদের ঐক্যবদ্ধ জোট পুরো দুনিয়ার সকল জিহাদী জামাতগুলোকে নিজেদের প্রধান টার্গেট হিসেবে স্থির করে নেয়।

ওদের লক্ষ শুধু আল-কায়েদা, তালেবান-ই নয়, বরং ফিলিপাইন থেকে নিয়ে চেচনিয়া পর্যন্ত সকল মুসলিম মুজাহিদীন তাদের টার্গেট। এটা সুস্পষ্টভাবেই বোঝা যায় যে, শত্রুর টার্গেট নির্দিষ্ট কোন দল মত নয়, বরং উম্মাহর শিরা-উপশিরায় উদ্বেলিত রক্তের প্রবাহ ওদের প্রধান লক্ষ্যবস্তু।

কুফরি শক্তি এটাই চাই যে, মুসলিম উম্মাহ ভেড়ার পালের মত জীবন যাপন করবে। তাদের ইজ্জত সম্মান ভুলুণ্ঠিত হতে থাকবে, তাদের অঞ্চল ও ভূখণ্ডগুলো তাদের হাতছাড়া হতে থাকবে, তাদের পবিত্র স্থান, স্থাপনা ও নিদর্শনাবলীর অসম্মান করা হবে, কিন্তু তারা 'উফ্' পর্যন্ত বলবে না। এর অন্যথা হলে তাদেরকে জঙ্গী-সন্ত্রাসী ট্যাগ দিয়ে দেয়া হবে। তাদের নিশ্চিহ্ন করে দেয়া যেন কুফরি শক্তির একটি মৌলিক অধিকার হয়ে গেছে।

ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে পশ্চিমাদের এই শতাব্দীব্যাপী ক্রুসেড এক নতুন দিকে বাঁক নিয়েছে। এই যুদ্ধ এতটাই সর্বব্যাপী ও সর্বগ্রাসী যে, ইসলামের কোন একটি শাখা, উপশাখা এবং তার রক্ষণাবেক্ষণকারীগণও এর নিশানা থেকে মুক্ত নয়।

একজন অন্তর্দৃষ্টিসম্পন্ন ব্যক্তির মতে, পশ্চিমা ক্রুসেডারদের দৃষ্টি তাকেও জঙ্গী-সন্ত্রাসী হিসেবে দেখতে অভ্যস্ত - যে কোন রেস্টুরেন্টে গিয়ে তাদের তৈরি পেপসির পরিবর্তে লেমনসোডা তালাশ করে।

১১ সেপ্টেম্বর ২০০১ থেকে আজ পর্যন্ত পুরো অবস্থার উপর যদি একটি পর্যবেক্ষণ ও সমীক্ষা চালানো হয়, তাহলে দেখা যাবে যে, ইসলাম ও মুসলমানদের ব্যাপারে পশ্চিমাদের ঘৃণা ও বিদ্বেষ বিদ্যুৎ গতিতে উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে। সেই রাতে যেখানে ওদের টার্গেট ছিল কেবল আমিরুল মু'মিনীন মোল্লা ওমর রহ. ও শাইখ ওসামা বিন লাদেন রহ. সেখানে আজ স্বয়ং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সালামের পবিত্র সত্তা ওদের ঘৃণা ও বিদ্বেষের শিকার। আগে যেখানে শুধু মুজাহিদরাই ছিল ওদের লক্ষ্যবস্তু, এখন সেখানে প্রতিটি দ্বীনদার মুসলমান-ই ওদের টার্গেটে পরিণত হয়েছে। ৯/১১ এর পর শুধু জিহাদ-ই যেখানে ক্রুসেডারদের মাথাব্যথার একমাত্র কারণ ছিল, সেখানে আজ একজন মুসলিম রমণীর মাথায় থাকা হিজাবও তাদের সহ্য হয়না।

মোটকথা এই যে, আজ ওরা মুসলমানদের থেকে আগে বেড়ে তাদের ঈমান বিশ্বাস আর শক্তিমত্তার সূতিকাগারগুলোর উপরও আক্রমণ করতে উদ্যত।

সব মিলিয়ে এক কথায় বলা যায়- খোদ ইসলাম ও ইসলামী সভ্যতার সকল চিহ্নকে নিশ্চিহ্ন করে দেওয়াই এই যুদ্ধের লক্ষ্য।

সমকালীন ক্রুসেডীয় ধ্যান ধারণাকে বুঝা জরুরি!

কারো কারো জন্য এটা আশ্চর্যের বিষয় মনে হতে পারে যে, আমরা এই যুদ্ধকে 'ক্রুসেড' কেন বলছি! এদিকে মুসলিমদের মধ্য থেকে স্বল্প মেধার অধিকারী ব্যক্তিবর্গ এখনো এই কাল্পনিক ধ্যান-ধারণায় ডুবে আছে যে, 'সাম্প্রতিক সমস্যাগুলো মার্কিন নেতৃবৃন্দ ও তাদের উপর চেপে বসা ইহুদী লবির পক্ষ থেকেই সংঘটিত। জর্জ বুশ একজন কাউবয় এবং রক্ষণশীল ইহুদী গোষ্ঠির অধীনস্থ একজন ইহুদী এজেন্ট ছাড়া কিছুই নয়। এই ইহুদীরা চাচ্ছে মুসলিম ও খ্রিস্টানদের মধ্যে লড়াই চলতে থাকুক'। এই-ই তাদের চিন্তার দৌঁড়। আজ-কালকের পশ্চিমা প্রভাবিত লোকেরা তো মনে করে যে 'ধর্মযুদ্ধ' নামক বিষয়টির ধারণা ও কল্পনাটাই সেকেলে ও মধ্যযুগীয় চিন্তা ভাবনা। তাদের মতে সমকালীন সভ্য ও সংস্কৃতমনা পশ্চিমাদের মাঝে এই মধ্যযুগীয় ধ্যান-ধারণার ছিটেফোঁটাও নেই।

কিন্তু বাস্তবতা হলো, পশ্চিমা দুনিয়া ধর্মান্ধতা ও সেক্যুলারিজম—উভয় দৃষ্টিভঙ্গি থেকে ইসলামের ব্যাপারে আগ্রাসী ও আক্রমণাত্মক। এই বিষয়টি অনেক পুরোনো। ক্যারন আর্মস্ট্রং তার 'পবিত্র যুদ্ধ' নামক বইয়ে এ কথার স্বীকারোক্তি দিয়েছেন যে, **"ক্রুসেড যুদ্ধের বিষয়টি যদিও বেশ পুরনো, কিন্তু পশ্চিমা ধ্যান-ধারণাকে তা এতটা গভীরভাবে প্রভাবিত করেছে যে, সাম্প্রতিক সময়ের বিভিন্ন বড় বড় আন্তঃধর্মীয় সংঘর্ষগুলোর পেছনে এই ধ্যান-ধারণার সক্রিয়**

উপস্থিতি পরিলক্ষিত হয়েছে। বিশেষভাবে ইসরাইল সংক্রান্ত দ্বন্দ্বকে পশ্চিমারা ক্রুসেডীয় দৃষ্টিভঙ্গি থেকেই দেখে থাকে।"

আমাদের সমাজে এমন নির্বোধ লোকদেরও কমতি নেই, যারা প্রেসিডেন্ট বুশের মুখ থেকে ক্রুসেড শব্দের অবতারণাটিকে একটি কাকতালীয় বিষয় মনে করে এবং ভাবে যে, আমেরিকার আসল উদ্দেশ্য মুসলমানদের তেল সম্পদ। নিঃসন্দেহে এটা অজ্ঞতা ও চিন্তাগত দীনতার চূড়ান্ত স্তর। বলা বাহুল্য যে, মুসলিমদের তেল সম্পদের প্রতিও আমেরিকার লোলুপ দৃষ্টি নিবদ্ধ আছে। কিন্তু আমেরিকার এই সর্বব্যাপী আগ্রাসনকে তেলের দৃষ্টিভঙ্গি থেকে দেখা এতটা দুর্বল ও অগভীর চিন্তা ভাবনা যে, এটা সহ্য করার মতো নয়।

আসলে এসব দর্শন ও তাত্ত্বিক আলোচনার সবচেয়ে বড় ক্ষতিকর দিকটি হলো, এসবে লিপ্ত থাকতে গিয়ে উম্মাহর প্রতিরক্ষাকারী সন্তানদের জাগ্রত করতে অনেক দেরি হয়ে যায়, যেখানে কুফুরী শক্তি খুব দ্রুততার সাথে তাদের উদ্দেশ্য সফল করতে ছুটে চলছে।

এজন্য বেশি কিছু না বলে শুধু এতোটুকু বলে দেওয়া আবশ্যক মনে করি যে, এই যুদ্ধকে ক্রুসেড বা ধর্মযুদ্ধ হিসেবে মানুন আর নাই মানুন, সাম্প্রতিক পরিস্থিতি অনুযায়ী শরীয়াহ মতে আমাদের ওপর এই কর্তব্য অবশ্য পালনীয় হয়ে দাঁড়িয়েছে যে, কাফেরগোষ্ঠির এই চতুর্মুখী আক্রমনের বিরুদ্ধে আমাদের সর্বশক্তি নিয়ে রুখে দাঁড়ানো।

যেমন আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন—

فَإِن قَاتَلُوكُمْ فَاقْتُلُوهُمْ كَذَٰلِكَ جَزَاءُ الْكَافِرِينَ ﴿البقرة: ١٩١﴾

"অবশ্য যদি তারা নিজেরাই তোমাদের সাথে লড়াই করে। তাহলে তাদেরকে হত্যা কর। এই হল কাফেরদের শাস্তি।" (সূরা বাকারাহ : ১৯১)

যখন আগ্রাসীদের টার্গেট হলো ইসলাম, তখন এটাকে ক্রুসেড বা ধর্মযুদ্ধ কেন বলা হবে না?

কুফফারদের বিরুদ্ধে যদি আমরা দ্বীনি স্বার্থে এবং ধর্মীয় চিন্তা চেতনার উপর ভিত্তি করে লড়াই করি, তাহলে একথা সুস্পষ্ট যে, এই যুদ্ধকে ধর্মযুদ্ধ বলা হবে। শরয়ী পরিভাষায় যাকে বলা হয় জিহাদ। যার প্রধান উদ্দেশ্য হলো: আল্লাহর কালিমাকে বুলন্দ করা। এ দৃষ্টিকোণ থেকে আমাদের নিকট এটা কোন গুরুত্বের দাবি রাখে না যে, আমাদের শত্রু ও প্রতিদ্বন্দ্বী কিসের উপর ভিত্তি করে যুদ্ধ করছে, ধর্মীয় চিন্তা চেতনার উপর ভিত্তি করে, নাকি অন্য কোন মতবাদ যেমন জাতীয়তাবাদ, সাম্রাজ্যবাদ ও পুঁজিবাদী ব্যবস্থাকে প্রতিষ্ঠা করার জন্য লড়াই করছে। এটা ভিন্ন এক প্রসঙ্গ। গুরুত্বপূর্ণ বিষয় হলো: কাফেরদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হওয়া, আমাদের শরীয়তের একটি অবশ্য পালনীয় একটি বিধান।

উদাহরণস্বরূপ তাতারীদের বিরুদ্ধে আমাদের যুদ্ধ- জিহাদ ছিল একটি দ্বীনি যুদ্ধ, দ্বীনি লড়াই। যদিও অসভ্য ও বর্বর তাতারদের কোন ধর্ম বা সভ্যতা ছিল না। নির্দিষ্ট কোনো ধর্ম বা

সভ্যতার পতাকাবাহী ওরা ছিলনা। ওদের উদ্দেশ্য ছিল কেবলই লুটতরাজ, হত্যাকাণ্ড, জ্বালাও-পোড়াও ও আগ্রাসন। কিন্তু তাদের বিরুদ্ধে যুদ্ধ করে নিজেদের জান, মাল, ইজ্জত বাঁচানোটা আমাদের জন্য একটি দ্বীনি 'ফরীযা' বা ফরয দায়িত্ব ছিল। এজন্য আমরা একে ধর্মযুদ্ধ বা দ্বীনি লড়াই নাম দিতে পারি। এই হিসেবে বলা যায়, ইসলামের দৃষ্টিতে যুদ্ধ সব সময় একটি ধর্মীয় বিধান। একমাত্র দ্বীনি স্বার্থেই এটা হয়ে থাকে। ইসলামী শরীয়ত-ই এর সীমারেখা ও রূপ-প্রকৃতি নির্ধারণ করে দিয়েছে। অন্যদিকে একই সাথে আমাদের শত্রুও যদি ধর্মীয় ভিত্তিতে লড়াই করে, তাহলে উভয় দল ধর্মের ভিত্তিতে লড়াই করার দিক থেকে একে নিরেট ধর্মযুদ্ধ ছাড়া আর কিছুই বলা যায় না। সুতরাং এমন সকল যুদ্ধ, যা ইহুদী, খ্রিস্টান ও মূর্তিপূজকদের সাথে সংঘটিত হয়েছে, এই হিসেবে সবগুলোই ধর্মযুদ্ধ ছিল।

সাম্প্রতিক যুদ্ধসমূহের উদ্দেশ্যও এই যে, এর মাধ্যমে উম্মাহর ঈমান ও শক্তির অবস্থানগুলোকে দুর্বল করে দেয়া, যেন পুঁজিবাদী গণতন্ত্র, লিবারিজম, সেক্যুলারিজমকে উম্মাহর মাথার উপর চাপিয়ে দেয়া যায়। ইসলামও যেন খ্রিস্টবাদের মতো পুঁজিবাদী সমাজ ব্যবস্থার অনুগত হয়ে জীবনযাপন করে। নিঃসন্দেহে পশ্চিমের জন্য বন্ধুত্ববাদী কনফুসিয়ানিজম এবং সনাতনী হিন্দুত্ববাদীরা কোন বিপদের কারণ নয়, বাস্তবে তাদের জন্য যদি ভীতি ও শঙ্কার কারণ হিসেবে কোন কিছু থেকে থাকে, তবে সেটা হলো ইসলাম। কেননা, তারা খুব ভালো করেই জানে যে, ইসলাম তার অনুসারীদের কখনো পরাজিত

অবস্থায় সন্তুষ্ট থাকবার এবং পরাজয় মেনে নেবার শিক্ষা দেয় না। এজন্য ইসলাম ও ক্রুসেডের অনুসারীদের মাঝে এক চূড়ান্ত যুদ্ধ অবশ্যম্ভাবী।

কিছু মানুষ ইরাক আক্রমণের ব্যাপারে পশ্চিমাদের মতানৈক্যের বিষয়টি সামনে আনতে গিয়ে একথা নির্দ্বিধায় ভুলে যায় যে, তাদের এই জাতীয় মতবিরোধ মৌলিক নয়। বেশি থেকে বেশি একে কর্মপদ্ধতি ও ব্যক্তিগত লাভ-লোকসান কেন্দ্রিক মতভেদ বলা যেতে পারে। মোটকথা যেই বিষয়টা তাদের মৌলিক উদ্দেশ্যের সঙ্গে সম্পৃক্ত, সেখানে তারা পরিপূর্ণভাবে ঐক্যবদ্ধ।

ক্রুসেডার ইউরোপকে বসনিয়ার বিরুদ্ধে সার্বিয়ানদের পূর্ণ সহযোগিতা, আফগান আগ্রাসনে ন্যাটোজোটের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং ইরাক আগ্রাসনের ব্যাপারে আন্তর্জাতিক কুফুরী নিরাপত্তা পরিষদের ঐক্যবদ্ধ রায় (যেখানে ইরাকের ওপর মার্কিন আগ্রাসনের বৈধতা দেয়া হয়েছিল)— এ বিষয়ের সুস্পষ্ট উদাহরণ।

একই অবস্থা আমেরিকার আভ্যন্তরীণ রাজনীতিবিদদেরও। রিপাবলিকান বুশ যদি ধর্মান্ধ ক্রুসেডার হয়ে থাকে, তাহলে ডেমোক্রেটিক জন কেরি ছিল সেক্যুলার ক্রুসেডার। উভয়ের-ই ইসলাম বিদ্বেষে ভরা বিভিন্ন বিবৃতি আছে। বুশ ও ব্রিটিশ প্রধানমন্ত্রী টনি ব্লেয়ারের বিবৃতি আমাদের সামনেই আছে যে, তারা বলেছে—"আমরা এই যুদ্ধ ঈশ্বরের দিক-নির্দেশনায় শুরু করেছি এবং ইতিহাসই আমাদের এই সিদ্ধান্তকে সাধুবাদ জানাবে।"

অন্যদিকে এই সমস্ত বিষয়কে সামনে রেখে সত্যপন্থী ও সত্যবাদী মু'মিনদের অনেকেই প্রথম সারিতে থেকে এই যুদ্ধে দুশমনের বিরুদ্ধে মোকাবেলা জারি রেখেছে। আল্লাহর পথের মুজাহিদ ও তাগুতের পথের লড়াইকারী এই দুই দলের মধ্যকার যুদ্ধকে ধর্মযুদ্ধ না বলে আর কি বলা যায়?

১১-ই সেপ্টেম্বর পরবর্তী মার্কিন প্রেসিডেন্ট বুশ কংগ্রেসের অধিবেশনে আটত্রিশ মিনিটের একটি বক্তব্য দেয়, যেখানে উনত্রিশবার এমন উচ্চ আওয়াজে সম্মিলিত করতালি ওঠে যে, এর জন্য প্রেসিডেন্ট কথা বন্ধ রাখতে বাধ্য হয়। সেই বক্তব্যেই কথিত সন্ত্রাসবাদের বিরুদ্ধে যুদ্ধের ঘোষণা করা হয়।

সেখানে তালেবানের পক্ষ থেকে বাস্তবায়িত শারঈ শাসন, কুরআনী আইনের প্রতিষ্ঠা, হিজাব বাধ্যতামূলককরণ, নারী-পুরুষের অবাধ মেলামেশার নিষেধাজ্ঞা ইত্যাদি বিষয়কে সমালোচনার লক্ষ্যবস্তু বানানো হয়। অথচ একজন অন্ধ ও নির্বোধও বোঝে যে, এগুলো মোল্লা ওমরের বানানো কোন আইন নয়, বরং শরীয়তে মুহাম্মদীর বিধান। সুতরাং একে ইসলামের বিরুদ্ধে যুদ্ধ না বলে আর কী বলা যায়?

যদিও প্রেসিডেন্ট বুশ বারবার এই যুদ্ধকে ক্রুসেড হিসেবে আখ্যায়িত করেছে এবং তার অনেক সহকর্মীও ইসলামের ব্যাপারে নিজেদের ঘৃণা ও ক্ষোভকে সুস্পষ্ট শব্দে প্রকাশ করে থাকে।

তবে আমরা এতটা বোকাও নই যে, এমন কিছু রাজনৈতিক বিবৃতির উপর ভিত্তি করে এই যুদ্ধকে ক্রুসেড বলতে চাচ্ছি, বরং এই যুদ্ধ যে ক্রুসেডই, এই কথার ভিত্তি তিনটি জিনিসের উপর।

এক: এই যুদ্ধে আমাদের প্রধান প্রতিপক্ষ খ্রিস্টানরা, হাদীসসমূহে যাদেরকে রোমক হিসেবে উল্লেখ করা হয়েছে।

দুই: এই যুদ্ধের পেছনে সক্রিয় ভূমিকা রাখা মৌলিক বিষয়সমূহের মধ্যে তাদের ধর্মীয় দৃষ্টিভঙ্গিও শামিল।

তিন: পৃথিবীব্যাপী এই যুদ্ধে তাদের একমাত্র লক্ষ্য ইসলাম, মুসলমান, মুসলমানদের জিহাদী আন্দোলনসমূহ এবং শরীয়াহ প্রতিষ্ঠাকারী ইসলামী হুকুমতসমুহ। যেমন আফগানিস্তান, সোমালিয়া ইত্যাদি।

